সংবাদ
তারিখ 17 MAR 2008
পৃষ্ঠা ৩

সংবাদ সম্মেলনে শিক্ষকদের অভিযোগ

# ময়মনসিংহে কলেজ অধ্যক্ষকে জোরপূর্বক অব্যাহতি : কক্ষে তালা

ময়মনসিংহ ব্যুরো

সাবেক জ্বালানি প্রতিমন্ত্রী একেএম মোশাররফ হোসেনের বাবার নামে প্রতিষ্ঠিত হাজী কাশেম আলী কলেজের বর্তমান অধ্যক্ষ ইফতেখার উদ্দিনের কাছ থেকে পদত্যাগপত্র আদায় করে নেয়া হয়েছে বলে অভিযোগ করা হয়েছে।

হাজী কাশেম আলী তার অনুগত সন্ত্রাসীদের দিয়ে ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে এই ঘটনা ঘটিয়েছে। রোববার বিকেলে ময়মনসিংহ প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনের মাধ্যমে অধ্যক্ষ ইফতেখার উদ্দিন এই অভিযোগ করেন। এসময় ওই কলেজের শিক্ষক আবদুল্লাহ ফারুক, আকরাম হোসেন খান, হাশিম উদ্দিন ও প্রবীর বিশ্বাস উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়, একাধিক বিষয়ের শিক্ষক পদে নিয়োগকে কেন্দ্র করে শহরের পাটগুদাম এলাকায় দুর্নীতির অভিযোগে আটক সাবেক জ্বালানি প্রতিমন্ত্রী এ কে এম মোশাররফ হোসেনের বাবার নামে প্রতিষ্ঠিত হাজী কাশেম আলী কলেজের কর্ণধার ও কলেজ পরিচালনা পরিষদের দাতা সদস্য হাজী কাশেম আলীর সঙ্গে বর্তমান অধ্যক্ষ ইফতেখার উদ্দিনের সম্পর্কের অবনতি ঘটে।

এরই পরিপ্রেক্ষিতে হাজী কাশেম আলী অধ্যক্ষ ইফতেখার উদ্দিনের বিরুদ্ধে গত ৪ ফেব্রুয়ারি জেলার সহকারী জজ আদালতে একটি মামলা করেন। মামলাটি বর্তমানে বিচারাধীন থাকা সত্ত্বেও হাজী কাশেম আলী গত ২৫ ফেব্রুয়ারি দুপুর ১টার দিকে অধ্যক্ষ ইফতেখার উদ্দিনকে শহরের গঙ্গাদাশ গুহ রোডস্থ তার বাসায় তলব করেন।

অভিযোগে বলা হয়, অধ্যক্ষ বাসায় পৌঁছার আগ থেকে অবস্থান করা হাজী কাশেম আলীর কতিপয় অনুগত সন্ত্রাসী ভয়ভীতি প্রদর্শন করে তার কাছ থেকে পদত্যাগপত্রে সই নেয়। অভিযোগে আরো জানানো হয়, পরদিন তিনি (অধ্যক্ষ) যথাসময়ে কলেজে প্রবেশ করতে চাইলে ক্যাম্পাসে একই সন্ত্রাসীরা পুনরায় তাকে প্রবেশে বাধা এবং অধ্যক্ষের কক্ষে তালা ঝুলিয়ে দেয়।

কলেজের বিভিন্ন মালামাল হাজী কাশেম আলী তার বাসায় নিতে চাইলে কলেজের অধ্যক্ষ বেশ কয়েকবার বাধা দিয়েছেন। এতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হওয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে সাধারণ শিক্ষার্থীরা। এমন পরিস্থিতিতে অধ্যক্ষ ইফতেখার উদ্দিনসহ সংবাদ সম্মেলনে উপস্থিত অন্য শিক্ষকরা হাজী কাশেম আলীর হীন ষড়যন্ত্রের হাত থেকে কলেজটির অস্তিত্ব রক্ষা করে শিক্ষার সুষ্ঠু ও সুন্দর পরিবেশ ফিরিয়ে আনার জন্য সরকারের হস্তক্ষেপ কামনা করেন।